রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুলাই ১২, ১৯৯৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শ্রম ও জনশক্তি মন্ত্রণালয়

শাখা-১০

## প্রজ্ঞাপন

তারিখ, ২৭শে আষাঢ়, ১৪০১/১১ই জুলাই, ১৯৯৪

এস, আর, ও নং ২৩৮-আইন/৯৪-শ্রওম-১০/মজুরী-৮/৯৪—Minimum Wages Ordinance, 1961 (XXXIX of 1961) এর section 6(1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার ঘোষণা করিতেছে যে, "জুতা কারখানা" শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত বিভিন্ন শ্রেণীর শ্রমিকদের নিম্নতম মজুরীর হার নির্ধারণের উদ্দেশ্যে উক্ত Ordinance এর section 3 এর অধীনে গঠিত নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক একই Ordinance এর Section 5 এর বিধান মোতাবেক সুপারিশকৃত এবং নিম্ন তফসিলে বর্ণিত মজুরীর হারসমূহ উক্ত শ্রমিকদের নিম্নতম মজুরীর হার হইবে।

তফসিল

"ক" পরিচ্ছেদ

| ক্রমিক | পদবিন্যাস ও শ্রেণী বিভাগ | মূল মজুরী | বাড়ীভাড়া ভাতা (মূল মজুরীর ৩০%) | চিকিৎসা ভাতা মাসিক | সর্বমোট |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | টাকা | টাকা | টাকা | টাকা |
| | উচ্চতর দক্ষ : | ১৫৫০ | ৪৬৫ | ১৫০ | ২১৬৫ |
| ১। | ফোরম্যান | | | | |



মূল্য : টাকা ২·০০

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
|---|---|---|---|---|---|
| | | টাকা | টাকা | টাকা | টাকা |
| | দক্ষ : | ১২৫০ | ৩৭৫ | ১৫০ | ১৭৭৫ |
| ১। | ইনজেক্ট মোল্ডিং (হাইটেক্স মেশিন অপারেটর) | | | | |
| ২। | প্রেসিং রাবার সু (পি.পি.) মেশিন অপারেটর। | | | | |
| ৩। | মিক্সিং কম্পাউন্ড (ইভা/হাওয়াই সু) মেশিন অপারেটর। | | | | |
| ৪। | প্রেসিং সিটস/সোল/ইনসোল মেশিন অপারেটর। | | | | |
| ৫। | কাটিং আপারস (টিকসটাইল/সিনথে-টিক/লেদার) মেশিন অপারেটর। | | | | |
| ৬। | কাটিং সোল/ইনসোল (ইভা/লেদার) মেশিন অপারেটর। | | | | |
| ৭। | লাস্টিং সু মেশিন অপারেটর | | | | |
| ৮। | ট্রিমিং সু মেশিন অপারেটর | | | | |
| ৯। | লাইনম্যান | | | | |
| ১০। | ইলেক্ট্রিশিয়ান | | | | |
| ১১। | বয়লারম্যান | | | | |
| ১২। | ফিটার | | | | |
| ১৩। | মেশিনম্যান | | | | |
| ১৪। | রোলারম্যান | | | | |
| ১৫। | সেলাই মেশিন অপারেটর | | | | |
| ১৬। | ড্রাইভিংম্যান | | | | |
| ১৭। | বাইন্ডিং/ষ্টিচিংম্যান | | | | |
| ১৮। | ষ্টিচিং জিগজাগ/ডবল নিডল/সিংগল নিডল/ষ্টিং লাস্টিংম্যান। | | | | |
| | আধা-দক্ষ : | ১১০০ | ৩৩০ | ১৫০ | ১৫৮০ |
| ১। | ইনজেক্ট মোল্ডিং (প্লাষ্টিক সু মেশিন অপারেটর)। | | | | |
| ২। | ট্রিমিং (প্লাষ্টিক/রাবার) সু মেশিন অপারেটর। | | | | |
| ৩। | প্রেসিং সু (এয়ার প্রেস দ্বারা) মেশিন অপারেটর। | | | | |
| ৪। | আয়রনিং বাটন (হট এয়ার) মেশিন অপারেটর। | | | | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
|---|---|---|---|---|---|
| | | টাকা | টাকা | টাকা | টাকা |
| ৫। | সোল লেইং মেশিন অপারেটর | | | | |
| ৬। | হিল স্কোরিং মেশিন অপারেটর | | | | |
| ৭। | লাষ্টিং (সেণ্ডেল/চম্পল) মেশিন অপারেটর। | | | | |
| ৮। | বয়লার হেলপার | | | | |
| ৯। | ফিটার হেলপার | | | | |
| ১০। | কেমিষ্ট হেলপার | | | | |
| ১১। | সহকারী হাইটেক্স মেশিন অপারেটর | | | | |
| ১২। | আইলেটিংম্যান | | | | |
| ১৩। | কালারিং/স্প্রেইং (আপার ইনসোল) ম্যান। | | | | |
| | অদক্ষ : | ৯৫০ | ২৮৫ | ১৫০ | ১৩৮৫ |
| ১। | প্যাকার | | | | |
| ২। | ব্রাফিনিং (সোল/ইনসোল) ম্যান | | | | |
| ৩। | চেকার (কম্পোনেন্ট সুজ) | | | | |
| ৪। | সিমেন্টিংম্যান (কম্পোনেন্টস/লেদার সুজ) | | | | |
| ৫। | ক্লিনিং/বাসিংম্যান | | | | |
| ৬। | স্প্লীটিংম্যান | | | | |
| ৭। | মার্কিংম্যান | | | | |
| ৮। | ষ্ট্যাম্পিং/নাম্বারিং/প্রিন্টিংম্যান | | | | |
| ৯। | বাক লিংকম্যান | | | | |
| ১০। | লেইচিং/ইনচাটিংম্যান | | | | |
| ১১। | গুটিং/ডেন্টিং ইনসোলম্যান | | | | |
| ১২। | রাবিংম্যান | | | | |

| কর্মচারী পদবিন্যাস ও শ্রেণী বিভাগ। | | মূল মজুরী। | বাড়ীভাড়া ভাতা (মূল মজুরীর ৩০%)। | চিকিৎসা ভাতা মাসিক। | সর্বমোট |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| কর্মচারীদের পদবিন্যাস | | টাকা | টাকা | টাকা | টাকা |
| | গ্রেড-১ : | ১৫৫০ | ৪৬৫ | ১৫০ | ২১৬৫ |
| ১। | সিনিয়র এ্যাসিসটেন্ট | | | | |
| ২। | সিনিয়র ক্যাশিয়ার | | | | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
|---|---|---|---|---|---|
| | | টাকা | টাকা | টাকা | টাকা |
| ৩। | ষ্টোর কিপার | | | | |
| ৪। | ওয়ার হাউজ কিপার | | | | |
| | গ্রেড-২ : | ১২৫০ | ৩৭৫ | ১৫০ | ১৭৭৫ |
| ১। | জুনিয়র এ্যাসিসটেন্ট | | | | |
| ২। | টেলিফোন অপারেটর | | | | |
| ৩। | এ্যাসিসটেন্ট সিকিউরিটি ইনচার্জ | | | | |
| ৪। | টেলিফোন অপারেটর-কাম-রিসিপশনিষ্ট। | | | | |
| ৫। | ক্যাশিয়ার | | | | |
| ৬। | টাইপিষ্ট | | | | |
| ৭। | কেনটিন সুপারভাইজার | | | | |
| ৮। | ড্রাইভার | | | | |
| ৯। | কোয়ালিটি কন্ট্রোল ইন্সপেক্টর | | | | |
| ১০। | সিনিয়র কোয়ালিটি কন্ট্রোল এ্যাসিসটেন্ট। | | | | |
| ১১। | জুনিয়র সুপারভাইজার | | | | |
| | গ্রেড-৩ : | ১১০০ | ৩৩০ | ১৫০ | ১৫৮০ |
| ১। | টাইম কিপার | | | | |
| ২। | কোয়ালিটি কন্ট্রোল এ্যাসিসটেন্ট | | | | |
| ৩। | লান্ড্রি ক্লার্ক | | | | |
| ৪। | ক্লিনার | | | | |
| ৫। | গার্ডেনার | | | | |
| | গ্রেড-৪ : | ৯৫০ | ২৮৫ | ১৫০ | ১৩৮৫ |
| ১। | পিয়ন | | | | |
| ২। | ওয়াচম্যান/সিকিউরিটি গার্ড | | | | |
| ৩। | গার্ডেন হেলপার | | | | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ গোলাম সারওয়ার
উপ-সচিব।

এতদসংগে মজুরী বোর্ডের সুপারিশ হুবহু প্রকাশ করা হইল।

## বাংলাদেশ নিম্নতম মজুরী বোর্ড

### জুতা কারখানা

### সুপারিশ, ১৯৯৪

১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশ (অধ্যাদেশ নং ৩৯)-এর ৫(১) ধারার বিধান অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক ১১ই সেপ্টেম্বর, ১৯৯৩ইং তারিখে জারীকৃত এস, আর, ও নং ১৮৩-আইন/৯৩, শ্রওম-১০/মজুরী-৯/৯২(অংশ) প্রজ্ঞাপন দ্বারা জুতা কারখানায় নিয়োজিত শ্রমিকদের নিম্নতম মজুরী নির্ধারণের জন্য অত্র বোর্ডকে নির্দেশ দেওয়া হয় এবং উক্ত শিল্পে প্রতিনিধিত্ব করার জন্য একই প্রজ্ঞাপন দ্বারা মালিক ও শ্রমিক পক্ষের সদস্য নিয়োগ করা হয়।

অতঃপর বোর্ড কয়েকটি বৈঠকে মিলিত হন এবং দেশের বিভিন্ন স্থানে অবস্থিত জুতা কারখানায় প্রশ্নপত্র প্রেরণের মাধ্যমে তথ্যাদি সংগ্রহ করেন এবং বেশ কিছু জুতা কারখানা পরিদর্শন করিয়া শ্রমিকদের কর্মাবস্থা, মজুরী রেজিষ্টার, মালিকের মজুরী প্রদানের পদ্ধতি, অর্থনৈতিক অবস্থা এবং শ্রমিকদের জীবিকা নির্বাহের ব্যয়সমেত আরও কতিপয় বিষয় পর্যবেক্ষণক্রমে খসড়া সুপারিশ প্রণয়ন করেন এবং নিম্নতম মজুরী বিধিমালার ১৫ (১) বিধি মোতাবেক খসড়া সুপারিশ সংশ্লিষ্ট মালিক ও শ্রমিকসহ সাধারণের অবগতির জন্য বাংলাদেশ গেজেটের মারফত প্রচার করেন। উক্ত খসড়া সুপারিশের উপর ১৯৬১ সনের নিম্নতম মজুরী বিধিমালার ১৫ (২) বিধি মোতাবেক কোন আপত্তি/প্রস্তাব না পাওয়ায় খসড়া সুপারিশে উল্লেখিত শ্রমিক পদবিন্যাস নিম্নতম মজুরী অপরিবর্তীত রাখিয়া ১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশের ৫ ধারা মোতাবেক গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিকট নিম্নলিখিত সুপারিশ পেশ করিতেছেন :—

১। জুতা কারখানায় নিয়োজিত শ্রমিকদের বিভিন্ন পদবী, কাজের ধারা ও প্রকৃতি, জ্ঞান ও অভিজ্ঞতা, দক্ষতা ও পারিপার্শ্বিক অবস্থা ইত্যাদি বিবেচনাক্রমে (১) উচ্চতর দক্ষ, (২) দক্ষ, (৩) আধা-দক্ষ ও (৪) অদক্ষ এই ৪ শ্রেণীতে এবং কর্মচারীদের (১) গ্রেড-১, (২) গ্রেড-২, (৩) গ্রেড-৩, ও (৪) গ্রেড-৪ এই ৪ শ্রেণীতে পদবিন্যাস করা হয় যাহা অত্র সাথে সংযোজিত পরিচ্ছেদ "ক"-এ বলা হইয়াছে।

২। এই সুপারিশ ঘোষণার পর হইতে উক্ত কারখানার মালিক "ক" পরিচ্ছেদে বর্ণিত পদবিন্যাস অনুযায়ী শ্রমিকদিগকে যথাযথ পদে সন্নিবেশিত করিয়া মজুরী রেজিষ্টারভুক্ত করিবেন এবং প্রয়োজনবোধে মজুরী স্লিপ প্রদান করিবেন।

৩। যদি কোন জুতা কারখানায় কোন শ্রমিক ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরীপ্রাপ্ত হইয়া থাকেন তবে সেই শ্রমিকও ১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশের ২(৯) ধারা অনুযায়ী "শ্রমিক" বলিয়া গণ্য হইবেন এবং উক্ত নিয়োগকারী ঠিকাদার মালিকের ন্যায় একই ব্যবস্থা গ্রহণ করিবেন।

৪। "ক" পরিচ্ছেদে উল্লেখিত মজুরী নিম্নতম মজুরী হিসাবে গণ্য হইবে অর্থাৎ প্রদেয় মজুরী উক্ত মজুরী হইতে কম হইবে না। উক্ত মজুরী অপেক্ষা কোথাও যদি অধিক হারে মজুরী প্রদত্ত হইয়া থাকে তবে তাহা হ্রাস করা যাইবে না। নিয়োগকর্তা/মালিকপক্ষ ইচ্ছা করিলে নিজেদের উদ্যোগে বা এককভাবে বা যৌথ চুক্তি অনুযায়ী কোন শ্রমিক অথবা শ্রমিকদের অধিক হারে মজুরী প্রদান করিতে পারিবেন।

৫। যদি কোন জুতা কারখানার মালিক শ্রমিকদিগকে কুরণভিত্তিক মজুরী দিয়া থাকেন তবে তাহাকে এই সুপারিশ মোতাবেক তাহাদের মজুরীর হার এইরূপ হারে সংশোধন করিতে হইবে যাহাতে তাহারা বিভিন্ন শ্রেণীভুক্ত শ্রমিকদের জন্য নির্ধারিত নিম্নতম মজুরী অপেক্ষা কম না পান।

৬। "ক" পরিচ্ছেদে উল্লেখিত নিম্নতম মজুরী ছাড়া শ্রমিকগণ অন্যান্য যে সব সুযোগ-সুবিধা পাইয়া থাকেন তাহা বলবৎ থাকিবে।

৭। "ক" পরিচ্ছেদে উল্লেখিত নিম্নতম মজুরী মাসিক মজুরী হিসাবে গণ্য হইবে এবং কার্যকাল দেশের প্রচলিত/প্রযোজ্য শ্রম আইন দ্বারা নিয়ন্ত্রিত হইবে।

এ, এস, এম, হেদায়েত হোসেন
চেয়ারম্যান,
নিম্নতম মজুরী বোর্ড।

অধ্যাপক মমতাজ উদ্দিন আহমেদ
নিরপেক্ষ সদস্য।

মনোয়ার উদ্দিন আহম্মদ
মালিক পক্ষের সদস্য।

মোঃ নাছির উল্লাহ
মালিক পক্ষের সদস্য।

কফিল উদ্দিন
শ্রমিক পক্ষের সদস্য।

মোঃ মিজানুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।